বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোন নং ঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email : dgmrsd@krishibank.org.bd

পত্র নং- প্রকা/গবে ও পরি-২৭(এসবিএস-২,৩) /২০২২-২০২৩/ ৭০০

তারিখঃ ০২/০৪/২০২৩

০১। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা;
০২। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ দাখিলকৃত এসবিএস-১ এবং এসবিএস-২ বিবরণীর তথ্য/উপাত্তে অসামঞ্জস্যতা নিরসনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত আলোচনা সভার সুপারিশ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, পরিসংখ্যান বিভাগের ২০/০৩/২০২৩ তারিখের পত্র সূত্র নংঃ ডিএস,বিএস-২(১)/২০২৩-৪৩০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বর্নিত সভায় জানানো হয় যে, এসবিএস বিবরণীতে দাখিলকৃত তথ্য/উপাত্ত বাংলাদেশের মুদ্রানীতি প্রনয়নসহ নীতি নির্ধারণী বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার হয় এবং জাতীয় সংসদসহ বিভিন্ন মন্ত্রণালয়, আইএমএফ, বিশ্বব্যাংকে সরবরাহ করা হয়। জাতীয় স্বার্থ ও গুরুত্ব বিবেচনায় অত্র ব্যাংক কর্তৃক দাখিলকৃত এসবিএস বিবরণীর তথ্য/উপাত্তের অসামঞ্জস্যতা দূরীকরণে দ্রুত পদক্ষেপ গ্রহনের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়।

০৩। বাংলাদেশ ব্যাংক, পরিসংখ্যান বিভাগে অনুষ্ঠিত সভার সুপারিশের প্রেক্ষিতে এসবিএস-১, এসবিএস-২ এবং এসবিএস-৩ বিবরণীর তথ্য/ উপাত্তে অসামঞ্জস্যতা নিরসনে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

(ক) এসবিএস-১, এসবিএস-২ এবং এসবিএস-৩ বিবরণীরসমূহ প্রস্তুতের ক্ষেত্রে ব্যাংকের সিবিএস হতে তথ্য/উপাত্ত সংগ্রহ করে সংশ্লিষ্ট বিবরণীসমূহ দাখিল করতে হবে;

(খ) আমানত ও ঋণ হিসাব খোলার সময়ে এসবিএস সংশ্লিষ্ট কোড সমূহ যথাযথভাবে পূরণ/সিলেক্ট করতে হবে। পূর্বে খোলা হিসাবসমূহ যথাযথ কোড নম্বর পূরণ করে সংশোধন করতে হবে;

(গ) এসবিএস-১, এসবিএস-২ এবং এসবিএস-৩ এর তথ্য/ উপাত্তের ভিত্তিতে-
(i) Type wise Comparison SBS-1 & SBS-2
(ii) Sector wise Comparison SBS-1 & SBS-2
(iii) Sector wise Comparison SBS-1 & SBS-3 মিলতে হবে;

(ঘ) এসবিএস-১ Spread এর সাথে, এসবিএস-২ এবং এসবিএস-৩ এর interest rate মিলতে হবে;

(ঙ) Marginal Deposit Account wise রিপোর্ট করতে হবে;

(চ) Vostro একাউন্ট এ জমাকৃত আমানত "Convertible Taka Account of Foreigners" এর ন্যায় বিবেচনা করে এসবিএস-২ তে তথ্য/ উপাত্ত দাখিল করতে হবে;

(ছ) সিবিএস জেনারেটেড ১৫ ক্যারেকটার বিশিষ্ট ('-' হাইফেনসহ) হিসাব নম্বর সংশ্লিষ্ট এক্সেল শীটে অবিকৃত অবস্থায় রাখতে হবে। অর্থাৎ হিসাব নম্বরের কলামে ফোলিও বা অন্য কোন কিছু ব্যবহার করা যাবে না।

(জ) 'Other' সম্বলিত কোন এসবিএস কোড গ্রহনযোগ্য হবে না।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসরণপূর্বক SBS-2 ও SBS-3 প্রতিবেদন প্রত্যেক কোয়ার্টার শেষে; শাখাসমূহ পরবর্তী মাসের ০৩(তিন) তারিখের মধ্যে মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। অতঃপর মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় প্রতিবেদনের সঠিকতা নিশ্চিতপূর্বক consolidated বিবরণী ০৫ (পাঁচ) তারিখের মধ্যে অত্র বিভাগে ই-মেইলযোগেঃ dgmrsd@krishibank.org.bd এ প্রেরণ করবে। অন্যদিকে স্থানীয় মূখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা সরাসরি অত্র বিভাগে প্রেরণ করবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

02/04/2023

(সালমা বানু)
উপব্যবস্থাপনা পরিচালক-৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়;
০৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
০৪। নথি ।

02/04/2023

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক